

প্রাসঙ্গিক প্রেক্ষাপট

বিদেশে জন্মগ্রহণকারী জনসংখ্যা

- যুক্তরাষ্ট্রের মোট জনসংখ্যার ১৩.৯ শতাংশ অর্থাৎ ৪৬.২ মিলিয়ন মানুষ বিদেশে জন্মগ্রহণ করেছেন।
- নিউ ইয়র্ক রাজ্যে ২২.৭ শতাংশ, যা সংখ্যায় ৪.৪৬ মিলিয়ন।
- ইরি কাউন্টিতে ৭.৪ শতাংশ, যা \approx ৭০,০০০।
- বাফেলো শহরে ১০.৮ শতাংশ, যা \approx ৩০,০০০।

নিউ ইয়র্কে নতুন আগন্তুকদের আগমন ২০২২ সালের সর্বশেষ প্রাপ্ত তথ্যানুযায়ী, নিম্নলিখিত ব্যক্তির নিউ ইয়র্কে আগমন করেছেন বা তাঁদের অভিবাসন অবস্থার পরিবর্তনের জন্য আবেদন করেছেন:

- ১,৩৯৯ জন শরণার্থী
- ৭,৪১০ জন আশ্রয়প্রার্থী
- ১১১,৩১০ জন "গ্রিন কার্ড" ধারক
- \approx ৪,২২৯,২৪০ জন অস্থায়ী ভিসাধারী

শরণার্থী বলতে এমন একজন ব্যক্তিকে বোঝানো হয়, যিনি জাতি, ধর্ম, জাতীয়তা, নির্দিষ্ট সামাজিক গোষ্ঠীর সদস্যপদ বা রাজনৈতিক মতামতের কারণে নির্যাতন অথবা নির্যাতনের যথাযথ আশঙ্কার ফলে নিজের দেশ থেকে পালিয়ে আসতে বাধ্য হন এবং নিজ দেশে ফিরে যেতে সক্ষম বা ইচ্ছুক নন।

একজন আশ্রয়প্রার্থী হলেন এমন ব্যক্তি, যিনি শরণার্থীর সংজ্ঞার সঙ্গে সঙ্গতিপূর্ণ এবং ইতিমধ্যে যুক্তরাষ্ট্রে উপস্থিত আছেন বা প্রবেশপথে প্রবেশের অনুমতি চাইছেন।

সামাজিক/ নাগরিক সংগঠনসমূহ

এই সম্প্রদায়ের পরামর্শমূলক ফোরামে অংশগ্রহণকারী সব সংগঠনকে আমাদের আন্তরিক ধন্যবাদ।:

- Asian Mental Health Counseling
- Buffalo Immigrant Leadership Team
- Buffalo String Works
- Catholic Charities of Buffalo
- International Institute of Buffalo
- Jewish Family Services of WNY
- Journey's End Refugee Services
- Justice for Migrant Families
- Karen Society of Buffalo
- New York Immigration Coalition
- Partnership for the Public Good
- RAHAMA
- St. Joseph's University Parish
- Stitch Buffalo
- WEDI Buffalo

এই ইভেন্ট আয়োজনের ক্ষেত্রে **Justice for Migrant Families** এবং **Journey's End Refugee Services** এর

সহযোগিতার জন্য আয়োজকেরা তাদের প্রতি বিশেষ কৃতজ্ঞতা প্রকাশ করছে। .

এই ইভেন্টটি জন টেম্পলটন ফাউন্ডেশনের অনুদান #৬৩৩৫০ "বৈচিত্র্য, গতিশীলতা এবং অন্তর্ভুক্তি: উদারনৈতিকতার অধ্যয়নের জন্য একটি নতুন বহুমুখী পদ্ধতি"-এর সহায়তায় সম্ভব হয়েছে।

এই পামফ্লেটে উল্লেখিত তথ্য পর্যালোচনা করার জন্য অনুগ্রহ করে নিম্নলিখিত লিঙ্কটি ভিজিট করুন: [TINYURL.COM/PJYJCXCX](https://tinyurl.com/pjyjcxcy)

একটি কমিনিউটির পরিকল্পিত পরামর্শমূলক ফোরাম

পশ্চিম নিউ ইয়র্কে

নতুন আগন্তুকদের স্বাগত

জানানোর বিষয়ে



শুক্রবার, ৬ ডিসেম্বর ২০২৪

AT THE JACOBS SCHOOL
ACTIVE LEARNING ROOM 1220
955 MAIN ST, BUFFALO, NY 14203

৪:৩০ অপরাহ্ন নবিন্ধন

৫:০০ অপরাহ্ন স্বাগতম

৫:১০ অপরাহ্ন আলোচনাসভা

৬:১৫ অপরাহ্নরিসোর্স প্যানেলের
প্রশ্নোত্তর

৭:০০ অপরাহ্ন নৈশভোজ

যোগাযোগে থাকুন!

PHI-PPE@BUFFALO.EDU

 University at Buffalo
Philosophy, Politics and Economics
College of Arts and Sciences

 JOHN
TEMPLETON
FOUNDATION
Inspiring Awe & Wonder

 JUSTICE FOR
MIGRANT FAMILIES
WNY

 JOURNEY'S END
REFUGEE SERVICES

অন্তর্ভুক্তি

নতুন আগন্তুকরা বিভিন্ন উপায়ে যুক্তরাষ্ট্রে এসেছেন। নতুন সম্প্রদায়ের অংশ হওয়ার জন্য তাদের মূল কিছু কারণ নিম্নরূপ:

- কর্মসংস্থান
- শিক্ষা
- পরিবার পুনর্মিলন
- নিরাপত্তা

এছাড়াও, কেউ কেউ নিজের ইচ্ছায় দেশ ছাড়ার সিদ্ধান্ত নেন, কিন্তু কিছু ব্যক্তি দুঃখজনকভাবে বাধ্য হন (যেমন: মানবপাচারের শিকার) এবং কেউ কেউ এতটাই অল্পবয়সী যে তারা নিজের জন্য সিদ্ধান্ত নিতে অক্ষম।

অন্তর্ভুক্তি কেবল আনুষ্ঠানিক গ্রহণযোগ্যতার (যেমন: যুক্তরাষ্ট্রে ভ্রমণ বা অবস্থানের আইনি অনুমতি) মধ্যে সীমাবদ্ধ নয়। অন্তর্ভুক্তি বলতে গ্রহণযোগ্যতা, সংহতি, সমতা, অধিকার, স্বাধীনতা, সম্পদ, দায়িত্ব, সম্পর্ক, সম্প্রদায়ের অংশীদারিত্ব বোঝানো যেতে পারে, এবং এটি ভিন্ন ভিন্ন মানুষের কাছে ভিন্ন অর্থ বহন করতে পারে।

আলোচনার জন্য প্রশ্ন

আপনার কাছে অন্তর্ভুক্তি বলতে কী বোঝায়? উদাহরণস্বরূপ, এমন একটি সময় কি মনে পড়ে, যখন আপনি কোনো গোষ্ঠী বা স্থানে অন্তর্ভুক্ত অনুভব করেছিলেন? সেই মুহূর্তকে বিশেষভাবে অন্তর্ভুক্তিমূলক করে তুলেছিল কী?

চ্যালেঞ্জসমূহ

প্রত্যেকের অভিজ্ঞতা আলাদা হলেও নতুন আগন্তুকদের মধ্যে অনেকেই কিছু সাধারণ চ্যালেঞ্জের সম্মুখীন হন:

- ভাষাগত প্রতিবন্ধকতা
- শিক্ষার প্রাপ্যতা
- নতুন কর্মসংস্থানের সন্ধান
- স্বাস্থ্যসেবার সুযোগ লাভ
- আইনি অবস্থান বজায় রাখা
- বাসস্থান খুঁজে পাওয়া
- প্রশাসনিক জটিলতা মোকাবিলা করা (যেমন: ডিএমভি)
- প্রিয়জন থেকে দূরে থাকা
- মানসিক আঘাত থেকে সুস্থ হওয়া
- উপাসনার স্থান খুঁজে পাওয়া
- খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা
- নতুন সংস্কৃতিতে খাপ খাওয়ানো
- নতুন বন্ধু তৈরি করা
- অধিকারবোধ ও অংশগ্রহণের ক্ষমতা অনুভব করা

আলোচনার জন্য প্রশ্ন

নতুন আগন্তুকদের অন্তর্ভুক্ত অনুভব করার জন্য কী প্রয়োজন?

অভিবাসী, আশ্রয়প্রার্থী এবং শরণার্থীদের মতো নতুন আগন্তুকদের মুখোমুখি হওয়া সবচেয়ে গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ কী কী? তাদের জন্য সবচেয়ে প্রয়োজনীয় সেবাগুলোর মধ্যে কী কী থাকতে পারে?

সহায়তা

বাফেলো এবং পশ্চিম নিউ ইয়র্কে বিভিন্ন ব্যক্তি ও সংস্থা ইতিমধ্যেই নতুন আগন্তুকদের সহায়তায় বিভিন্নভাবে কাজ করে যাচ্ছে।

সেবার উদাহরণসমূহ:

- শরণার্থী পুনর্বাসন
- আইনগত সহায়তা
- কর্মসংস্থান সহায়তা
- যুব এবং প্রাপ্তবয়স্কদের জন্য শিক্ষা
- স্বাস্থ্যসেবা
- আশ্রয় এবং অন্যান্য আবাসন সহায়তা
- সম্প্রদায়ভিত্তিক অনুষ্ঠান
- অধিকার ও ন্যায্যতার পক্ষে কাজ

আলোচনার জন্য প্রশ্ন

কীভাবে আমরা বাফেলো এবং পশ্চিম নিউ ইয়র্কে আরও অন্তর্ভুক্তিমূলক করতে পারি? আপনার বা আপনার সংস্থা নতুন আগন্তুকদের সহায়তায় কীভাবে সবচেয়ে বেশি ভূমিকা রাখতে পারে?